আবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/11/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্থানীয় ব্রিজ ও কালভার্ট পুনর্বাসন ও প্রতিস্থাপন করার জন্য ব্রিজ NY তহবিলে 484 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদানের ঘোষণা করলেন

পুরো নিউ ইয়র্কের 137টি সম্প্রদায়ের 216টি প্রকল্পে তহবিল প্রদান করা হবে

কর্মসূচিটি অতি গুরুত্বপূর্ণ অবকাঠামোকে দৃঢ় করা এবং স্থানীয় সম্প্রদায়কে জলবায়ু পরিবর্তনের প্রভাবের প্রতি আরো স্থিতিস্থাপক করার প্রয়াসকে সমর্থন করে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে ব্রিজ ও কালভার্ট পুনর্বাসন ও প্রতিস্থাপন, নিউ ইয়র্কের অত্যাবশ্যকীয় পরিবহন অবকাঠামোর নিরাপত্তা বৃদ্ধি এবং স্থিতিস্থাপকতা ও টেকসই অবস্থা উন্নত করতে পুরো স্টেটের 137টি স্থানীয় সরকারকে 484 মিলিয়ন মার্কিন ডলারের বর্ধিত সহায়তা প্রদান করা হচ্ছে। ফেডারেল ব্রিজ ফর্মুলা কর্মসূচি (Bridge Formula Program) থেকে উল্লেখযোগ্য সমর্থন পাওয়া, স্টেটের ব্রিজ NY (BRIDGE NY) উদ্যোগের মাধ্যমে প্রদত্ত এই তহবিলটি 216টি স্বতন্ত্র প্রকল্পকে সমর্থন করবে, এবং স্টেটের প্রত্যেক অঞ্চলের স্থানীয় সরকারকে তাদের বিদ্যমান অবকাঠামোকে আরো দৃঢ় করতে সাহায্য করবে যাতে সেগুলি আরো ভালোভাবে চরম আবহাওয়া ইভেন্ট সহ্য করতে এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব সামাল দিতে পারে। স্টেটের ব্রিজ NY উদ্যোগটি এমন প্রকল্পকে সমর্থন করে যা বন্যার ঝুঁকি হ্রাস করে এবং কাঠামোর স্থিতিস্থাপকতা উন্নত করে, এবং একই সাথে আঞ্চলিক অর্থনৈতিক প্রতিযোগিতায় টিকে থাকা সম্ভব করে এবং এমন প্রকল্পকে অগ্রাধিকার প্রদান করা হবে যা পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচারের সম্প্রদায়সমূহকে লাভবান করবে।

"নিউ ইয়র্ক বারবার জলবায়ু পরিবর্তনের প্রভাব দ্বারা সরাসরি আক্রান্ত হচ্ছে, তাই আমাদেরকে এমন অতি গুরুত্বপূর্ণ অবকাঠামোর উন্নয়ন করতে হবে যাতে আমাদের সম্প্রদায়সমূহ আসন্ন চরম আবহাওয়া সহ্য করতে পারে," **গভর্নর হোকল বলেন।** "স্থানীয় সরকারসমূহের সাথে একত্রে কাজ করে আমরা পুরো স্টেটের 200টির বেশি ব্রিজ ও কালভার্টকে আরো দৃঢ় করতে বিনিয়োগ করছি, যা জননিরাপত্তাকে উন্নত করবে এবং প্রকৃতি আমাদের যা কিছুর সম্মুখীন করুন, তার জন্য এইসব কাঠামোকে প্রস্তুত করে।"

আজকের ঘোষণাটি হলো ব্রিজ NY উদ্যোগের অধীনে স্থানীয় সরকারসমূহকে এর পূর্বে প্রদত্ত 1.23 বিলিয়ন মার্কিন ডলারের অনুবর্তী। 2022 সালে গৃহীত স্টেটের ঐতিহাসিক 33 বিলিয়ন মার্কিন ডলারের ক্যাপিটাল পরিকল্পনার অংশ হিসেবে ব্রিজ NY কে 1 বিলিয়ন মার্কিন ডলার

প্রদান করা হয়েছে, যা কর্মসূচির আকার কার্যত দ্বিগুণ করে দেয়। আঞ্চলিক ও মেট্রোপলিটন পরিকল্পনা সংগঠনসমূহের (Regional and Metropolitan Planning Organizations) মতামতের ভিত্তিতে আজকে ঘোষিত অর্থ প্রাপকদের নির্বাচিত করা হয়েছে এবং তহবিলটি নকশা, পথের অনুমতি অধিগ্রহণ এবং নির্মাণসহ প্রকল্পটির কাজ শেষ করার সকল পর্যায়কে সমর্থন করবে।

ব্রিজ NY এ অর্থপ্রাপ্তদের মধ্যে উল্লেখযোগ্য হলো:

- **ক্যাপিটাল রিজিয়ন (43.1 মিলিয়ন মার্কিন ডলার)** - ওয়ান্সকুয়েথ ক্রিকের উপরের সাউথ অ্যালবানি রোড ব্রিজের সুপারস্ট্রাকচার প্রতিস্থাপনের জন্য অ্যালবানি কাউন্টিকে 4.750 মিলিয়ন মার্কিন ডলার।
- **সেন্ট্রাল নিউ ইয়র্ক অঞ্চল (37.5 মিলিয়ন মার্কিন ডলার)** - ওয়াস্কো আউটলেটের উপরের নর্থ ডিভিশন স্ট্রিট ব্রিজ প্রতিস্থাপনের জন্য ক্যাইয়ুগা কাউন্টিকে 2.569 মিলিয়ন মার্কিন ডলার।
- **ফিঙ্গার লেকস অঞ্চল (46.4 মিলিয়ন মার্কিন ডলার**) - টমাস ক্রিকের উপরে টার্ক হিল রোড ব্রিজ প্রতিস্থাপনের জন্য মনরো কাউন্টিকে 5 মিলিয়ন মার্কিন ডলার।
- **মিড হাডসন অঞ্চল (63.5 মিলিয়ন মার্কিন ডলার)** - মেট্রো-নর্থ রেলরোড হার্লেম লাইনের উপরের প্রেস্টন ওয়ে ব্রিজ প্রতিস্থাপনের জন্য মাউন্ট কিস্কো গ্রাম/টাউন; রিংউড রিভারের উপরের স্টার্লিং লেক রোড ব্রিজ প্রতিস্থাপনের জয় অরেঞ্জ কাউন্টি পাবলিক ওয়ার্কস বিভাগ এবং ইস্ট ব্রাঞ্চ নেভারসিংক রিভারের উপরের ডেনিং রোড ব্রিজ প্রতিস্থাপনের জন্য আলস্টার কাউন্টি পাবলিক ওয়ার্কস বিভাগ প্রত্যেককে 5 মিলিয়ন মার্কিন ডলার।
- **মোহক ভ্যালি অঞ্চল (40.2 মিলিয়ন মার্কিন ডলার)** - স্কেনেভাস ক্রিকের উপরের ট্যানারি স্ট্রিট ব্রিজ প্রতিস্থাপন করার জন্য ম্যারিল্যান্ড টাউনকে 4.35 মিলিয়ন মার্কিন ডলার।
- **নর্থ কান্ট্রি অঞ্চল (43.4 মিলিয়ন মার্কিন ডলার)** - সেইন্ট রেজিস রিভারের ইস্ট ব্রাঞ্চের উপরের রুট 49 ব্রিজ প্রতিস্থাপনের জন্য সেইন্ট লরেন্স কাউন্টিকে 5.796 মিলিয়ন মার্কিন ডলার।
- **সাউদার্ন টিয়ার অঞ্চল (58 মিলিয়ন মার্কিন ডলার)** - ক্যানিস্টেও ক্রিকের উপরের নিউকম্ব রোড ব্রিজ প্রতিস্থাপনের জন্য স্টুবেন কাউন্টিকে 5.223 মিলিয়ন মার্কিন ডলার।
- **ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চল (77.4 মিলিয়ন মার্কিন ডলার**) - ক্যাজে নোভিয়া ক্রিকের উপরের ওয়ারেন স্যাফন ওয়ে ব্রিজ প্রতিস্থাপনের জন্য বাফেলো সিটিকে 4.697 মিলিয়ন মার্কিন ডলার।
- **লং আইল্যান্ড অঞ্চল** - সোয়ান রিভার স্ট্রিমকে বহনকারী বার্টন অ্যাভিনিউ কালভার্ট প্রতিস্থাপনের জন্য ব্রুকহাভেন টাউনকে 910,000 মার্কিন ডলার।
- **নিউ ইয়র্ক সিটি অঞ্চল (73.8 মিলিয়ন মার্কিন ডলার)** - ওশেন অ্যাভিনিউ এবং বেডফোর্ড অ্যাভিনিউয়ের উপরের বেল্ট পার্কওয়ে ব্রিজের প্রতিস্থাপনের জন্য নিউ ইয়র্ক সিটি পরিবহন বিভাগকে 18.5 মিলিয়ন মার্কিন ডলার।

[ব্রিজ NY অর্থপ্রাপ্তদের](#) একটি সম্পূর্ণ তালিকা দেখুন।

নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগের (New York State Department of Transportation) কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "গভর্নর হোকল অনুধাবন করেন যে জলবায়ু পরিবর্তনের সমস্যার মোকাবেলা করার জন্য দলগত প্রয়াস প্রয়োজন এবং আমাদের অবকাঠামোর স্থিতিস্থাপকতা ও টেকসই অবস্থা উন্নত করার মাধ্যমে জননিরাপত্তা উন্নত করতে তার নেতৃত্বাধীনে নিউ ইয়র্ক স্টেট আমাদের স্থানীয় অংশীদারদের সাথে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ রয়েছে। আমরা আজকে যেই ব্রিজ NY তহবিল ঘোষণা করছি যা স্থানীয় সরকারসমূহের ব্রিজ ও কালভার্টকে চরম আবহাওয়ার অপেক্ষমাণ ঝুঁকির বিরুদ্ধে আরো দৃঢ় করতে এবং চলার পথে নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে সাহায্য করার জন্য তাদেরকে অতি গুরুত্বপূর্ণ আর্থিক সমর্থন প্রদান করবে।"

সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন, "চরম আবহাওয়ার ঘটনা আরো স্বাভাবিক হয়ে আসছে, তাই নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখার জন্য অবকাঠামো বলীয়ান করতে বিনিয়োগ করা আমাদের জন্য অত্যাবশ্যকীয়। এই 484 মিলিয়ন মার্কিন ডলারের ব্রিজ NY তহবিলটি পুরো নিউ ইয়র্ক স্টেটের ব্রিজ ও কালভার্টের নিরাপত্তা, স্থিতিস্থাপকতা, এবং টেকসই অবস্থায় অতি গুরুত্বপূর্ণ উন্নয়ন করবে। এই বিনিয়োগের আমি প্রশংসা করছি এবং জলবায়ু পরিবর্তনের প্রভাবের বিরুদ্ধে পুরো নিউ ইয়র্ক স্টেটের অবকাঠামোকে বলীয়ান ও সুরক্ষিত রাখতে গভর্নর হোকলের অব্যাহত প্রয়াস সমর্থন করতে পেরে আমি গর্বিত।"

প্রতিনিধি গ্রেস মেং বলেন, "কংগ্রেসে যেই দ্বিপক্ষীয় অবকাঠামো আইন (Bipartisan Infrastructure Law) পাশ করতে আমি ভোট দিয়েছি তা রাস্তা, ব্রিজ, এবং জলপথের অবকাঠামোর উন্নয়নে এমন ঐতিহাসিক বিনিয়োগ করছে যা আগামী প্রজন্মগুলির জন্য একটি নিরাপদ ও টেকসই ভবিষ্যৎ গঠনে সাহায্য করবে। আজকের ঘোষিত তহবিল হলো নিউ ইয়র্ক এবং পুরো দেশে আমরা যেই অবকাঠামোর দশকের মধ্যে দিয়ে যাচ্ছি তার আরো একটি বিল্ডিং ব্লক। রাষ্ট্রপতি বাইডেনের স্বাক্ষর করা বিধিমালার প্রচার ও বাস্তবায়নে কাজ করা আঞ্চলিক নেতৃত্ব পরিষদে (Regional Leadership Council) আমাদের স্টেটের প্রতিনিধি হিসেবে ফেডারেল তহবিলকে মিউনিসিপ্যালিটিতে পৌঁছাতে দেখে, স্থিতিস্থাপকতায় বিনিয়োগ করে, এবং জলবায়ু পরিবর্তনের চলমান প্রভাব মোকাবেলায় আমাদের সম্প্রদায়সমূহকে সাহায্য করতে পেরে আমি গর্বিত।"

হাউজের ডেমোক্রেটিক নেতা হাকিম জেফ্রিস বলেন, "বেল্ট পার্কওয়ে ছাড়া হাজার হাজার নিউ ইয়র্কবাসী তাদের পরিবারের সদস্যদের সাথে দেখা করতে যাওয়া, অর্থনীতিতে অংশগ্রহণ এবং আমাদের শহরের সকল কিছুর অ্যাক্সেস করার ক্ষমতা হারাবে। বেল্ট পার্কওয়ে সংলগ্ন আমাদের জরাজীর্ণ ব্রিজসমূহের পুনর্গঠন এবং জলবায়ু পরিবর্তনের ভবিষ্যৎ প্রভাব থেকে তাদের নিরাপদ রাখতে 73.8 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার জন্য গভর্নর হোকল এবং স্টেটের আইনসভার প্রতি আমি কৃতজ্ঞ।"

স্টেটের সিনেটর জেরেমি এ কুনি বলেন, "বহু বছর ধরে আমরা আমাদের রাস্তা ও ব্রিজে বিনিয়োগের অভূতপূর্ব চাহিদা সম্পর্কে শুনে আসছি। আজকের ঘোষণার মাধ্যমে গভর্নর

হোকল সেই চাহিদা পূরণ করার জন্য স্থানীয় সরকারসমূহকে ঐতিহাসিক মার্কিন ডলার প্রদান করছেন। পুরো স্টেটে 200টির বেশি ব্রিজ ও কালভার্ট প্রকল্প আগামী বছরগুলিতে আমাদের রাস্তাকে নিরাপদ রাখবে।"

অ্যাসেম্বলি সদস্য উইলিয়াম ম্যাগনারেলি বলেন, "আমাদের ব্রিজ ও কালভার্টে বিনিয়োগ করা হলে তা আমাদের স্টেটব্যাপী অবকাঠামোকে সুরক্ষিত ও উন্নত করতে, অর্থনৈতিক বিকাশ এবং আমাদের জীবনযাত্রার মান বলীয়ান করতে নিউ ইয়র্ক স্টেটের প্রতিশ্রুতিকে জোরদার করবে।"

নিউ ইয়র্ক স্টেট কাউন্টি হাইওয়ে সুপারিন্টেনডেন্টস অ্যাসোসিয়েশনের (New York State County Highway Superintendents Association, NYSCHSA) প্রেসিডেন্ট জেফ্রি স্মিথ বলেন, "আমাদের ব্রিজ ও কালভার্টের বিশাল সিস্টেমের রক্ষণাবেক্ষণ, পুনর্বাসন এবং উন্নয়নে কাউন্টি হাইওয়ে বিভাগসমূহের প্রয়াসকে সূচনালগ্ন থেকেই ব্রিজ NY ব্যাপকভাবে বলীয়ান করেছে। স্টেটের রাস্তার অধিকাংশ এবং ব্রিজের অর্ধেকের জন্য স্থানীয় সরকারসমূহের জন্য বিশাল দায়িত্ব, তাই আমাদের এক মিশনের জন্য ব্রিজ ও কালভার্টে স্টেটের এইসব বিনিয়োগ অতি গুরুত্বপূর্ণ। সময়মতো প্রদত্ত ব্রিজ NY অর্থ কাউন্টিসমূহকে এইসব অতি গুরুত্বপূর্ণ অবকাঠামোর চাহিদা পূরণ করতে এবং প্রকল্পের বিলম্ব এড়াতে সাহায্য করে এবং ব্যয়কে সীমিত রাখে যা করদাতাদের জন্য উল্লেখযোগ্য সাশ্রয় করে। ভ্রমণকারী জনগণের কল্যাণ ও নিরাপত্তার জন্য স্থানীয় রাস্তা ও ব্রিজ কর্মসূচিতে গভর্নর ক্যাথি হোকল এবং পরিবহন বিভাগের কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজের অংশীদারিত্ব এবং স্টেটের তহবিলের বলীয়ান সমর্থনের কারণে NYSCHSA তাদের প্রশংসা করছে।"

নিউ ইয়র্ক স্টেট টাউন হাইওয়ে সুপারিন্টেনডেন্টস অ্যাসোসিয়েশন ইনকর্পোরেটেডের, (New York State Association of Town Superintendents of Highways, Inc., NYSAOTSOH) প্রেসিডেন্ট গ্রেগ হ্যালবার্গ বলেন, "স্টেটের সর্ববৃহৎ পরিবহন অ্যাসোসিয়েশন, নিউ ইয়র্ক স্টেট টাউন হাইওয়ে সুপারিন্টেনডেন্টস অ্যাসোসিয়েশন, ইনকর্পোরেটেড এই বছরের ব্রিজ NY পর্যায়কে ত্বরান্বিত করার জন্য গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগের প্রশংসা করছে। এটি অতি গুরুত্বপূর্ণ পরিবহন অবকাঠামোর রক্ষণাবেক্ষণে সাহায্য করার জন্য পুরো স্টেটের সকল আকারের স্থানীয় সরকারসমূহকে সমর্থন প্রদান করবে। স্থানীয় রাস্তা ও ব্রিজ হলো নিউ ইয়র্ক স্টেটের মোট রাস্তার সাতাশি শতাংশ, এবং মোট ব্রিজের অর্ধেকের বেশি। আমাদের অর্থনৈতিক টেকসই অবস্থা এবং ভ্রমণকারী জনগণের নিরাপত্তার জন্য এই তহবিলটি অতি গুরুত্বপূর্ণ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন